আলমডাঙ্গার হারদি পুলিশের ওপেন হাউজ ডে ও মতবিনিময় সভা

পুলিশের সেবা জনগণের দোড় গোড়ায় পৌঁছে দিতে আলমডাঙ্গা থানা পুলিশের উদ্যোগে ও ওসমানপুর ফাঁড়িপুলিশের আয়োজনে ওপেন হাউজ ডে ও বিট পুলিশিং সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ বুধবার বিকেলে হারদি বাজারস্থ ইউনিয়ন ভূমি অফিস প্রাঙ্গণে এ সভার আয়োজন করা হয়।

আলমডাঙ্গা থানার পরিদর্শক (ওসি) বিপ্লব কুমার নাথের সভাপতিত্বে সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বক্তব্য রাখেন চুয়াডাঙ্গা জেলার অতিরিক্ত পুলিশ সুপার (অর্থ ও প্রশাসন) রিয়াজুল ইসলাম।

অনুষ্ঠানে হারদি বাজার কমিটির সাবেক সভাপতি আশরাফুল হক চুন্নুর সঞ্চালনায় আরো উপস্থিত ছিলেন আলমডাঙ্গা থানার পরিদর্শক ওসি (তদন্ত) একরামুল হক, হারদী ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি ও ইউপি চেয়ারম্যান আশিকুজ্জামান ওল্টু, ওসমানপুর ফাঁড়ির আইসি (পরিদর্শক) আবুল কাশেম, সাবেক ইউপি সদস্য লাল্টু, ইউপি সদস্য টিপু, থানার উপ-পরিদর্শক (এসআই) আমিনুল ইসলাম, (এসআই) মারজাহান, এএসআই রিয়াজুল ইসলাম, এএসআই অরুপ প্রমূখ।

সভায় প্রধান অতিথির বক্তব্যে অতিরিক্ত পুলিশ সুপার বলেন, আমি চুয়াডাঙ্গায় যোগদান করেছি গত সপ্তাহে। প্রথমে হারদী ইউনিয়ে আপনাদের সাথে কথা বলতে এসেছি। আমি ২০১০ সালে ২৮তম বিসিএস’র মাধ্যমে পুলিশ বিভাগে যোগদান করেছি। চুয়াডাঙ্গা আমার প্রাণের জেলা। আমি পাশের জেলা ঝিনাইদহ ক্যাডেট কলেজে লেখাপড়া করেছি। আমার বাড়ি খুলনায়।

তিনি বলেন,এক সময় পুলিশ দেখবেন জনগণের সাথে একই বাসায় থাকবে, আমরা আস্তে আস্তে আপনাদের সাথে মিশছি কেনো? আমাদের চাকরীটাই হলো জনগণকে সার্ভিস ডেলিভারী দেওয়া।

তিনি বলেন,বাল্যবিয়ের ব্যাপারে আপনারা ওসি সাহেবকে বলবেন,ইউএনও মহোদয়কে বলবেন,দু’জন মিলে এটা প্রতিহত করবেন। ডিজিটাল প্রতারণার বিষয়টি আপনারা সচেতন থাকবেন। অনলাইন মার্কেটিংয়ের নামে প্রতারণা করে থাকে । লোভে পড়ে কম মূল্যে পণ্য কিনতে গেলে প্রতারণার শিকার

হতে পারেন। প্রতিষ্ঠিত কোম্পানী ছাড়া কোনন পণ্য কিনবেন না।

আনলাইন জুয়ার বিষয়ে আপনারা আপনাদের সন্তানদের সচেতন করবেন। মাদক শুধু মাত্র পুলিশ দিয়ে নির্মূল করা সম্ভব নয়। আপনারা সচেতন হবেন,আপনাদের সন্তানরা যেনো কোন ভাবেই মাদক ব্যবহার না করে সে দিকে খেয়াল রাখবেন